

নির্দেশ পরিপত্র নং-সিপিসিআরএমডি/ ৪৮

তারিখ : ০২/০৫/২০১৭

উপ-মহাব্যবস্থাপক/

সহকারী মহাব্যবস্থাপক/ব্যবস্থাপক

অগ্রণী ব্যাংক লিমিটেড এর সকল শাখা

বাংলাদেশ।

বিষয় : সরকারি ভাতা প্রাপ্ত মুক্তিযোদ্ধাদের জন্য বিশেষ ঋণ কর্মসূচী সংক্রান্ত নীতিমালায় পরিবর্তন/সংযোজন প্রসংগে।

সরকারি ভাতা প্রাপ্ত দেশের শ্রেষ্ঠ সন্তান মুক্তিযোদ্ধাদের জন্য বিশেষ ঋণ কর্মসূচী সংক্রান্ত নীতিমালার বিষয়ে নির্দেশ পরিপত্র নং - সিপিসিআরএমডি/১৩২ তারিখ ১৬-১১-২০১৬ এবং নির্দেশ পরিপত্র নং - সিপিসিআরএমডি/২৩ তারিখ ২৮-০২-২০১৭ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। পরিচালনা পর্ষদের ২৪-০৪-২০১৭ ইং তারিখের ৫০২ তম সভায় সরকারি ভাতা প্রাপ্ত মুক্তিযোদ্ধাদের জন্য বিশেষ ঋণ কর্মসূচী সংক্রান্ত বিদ্যমান নীতিমালায় নিম্নরূপ পরিবর্তন/সংযোজন অনুমোদিত হয়েছে :

অনুঃ নং	অনুমোদিত নীতিমালা	
১	২	
৪(ঘ)	বয়স	সরকারি ভাতা প্রাপ্ত মুক্তিযোদ্ধাদের ঋণের ক্ষেত্রে কোন বয়স সীমা থাকবে না। তবে শহীদ/মৃত/যুদ্ধাহত মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার বয়স সংশ্লিষ্ট ব্যবসা/আত্ম-কর্মসংস্থানমূলক কর্মকাণ্ড পরিচালনার জন্য উপযুক্ত ও ব্যাংকের নিকট গ্রহণযোগ্য হতে হবে।
১০।	ঋণসীমা	ঋণসীমা সর্বোচ্চ ৫.০০(পাঁচ) লক্ষ টাকা পর্যন্ত যা সংশ্লিষ্ট শাখা প্রধান হিসেবে কর্মরত মহাব্যবস্থাপক, উপ-মহাব্যবস্থাপক, সহকারী মহাব্যবস্থাপক মঞ্জুর করতে পারবেন। এসপিও এবং নিম্ন পদমর্যাদার শাখা ব্যবস্থাপকদের ক্ষেত্রে সংশ্লিষ্ট অঞ্চল প্রধান মঞ্জুরি প্রদান করবেন।
১৩।	সুদের হার	৮% সরল সুদে।


০৩। এমতাবস্থায়, সরকারি ভাতা প্রাপ্ত মুক্তিযোদ্ধাদের জন্য বিশেষ ঋণ কর্মসূচী সংক্রান্ত নীতিমালায় পরিবর্তন/সংযোজন বিষয়ে উপরোক্ত নির্দেশনা পুংখানুপুংখরূপে পরিপালন করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হলো।

উল্লেখ্য ইতোপূর্বে জারীকৃত নির্দেশ পরিপত্র নং- সিপিসিআরএমডি/১৩২ তারিখ ১৬-১১-২০১৬, নির্দেশ পরিপত্র নং- সিপিসিআরএমডি/১৪২ তারিখ ০৪-১২-২০১৬ এবং নির্দেশ পরিপত্র নং- সিপিসিআরএমডি/১৪৩ তারিখ ০৪-১২-২০১৬ এর অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে এবং নির্দেশ পরিপত্র নং- সিপিসিআরএমডি/২৩ তারিখ ২৮-০২- ২০১৭ বাতিল বলে গণ্য হবে।


(মোঃ আমিনুল হক)

উপ-মহাব্যবস্থাপক

৬১


(তাজরীনা ফেরদৌসী)

মহাব্যবস্থাপক

৬২

বিতরণঃ

- ১। ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও মহোদয়ের সচিবালয়, অগ্রণী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়-১, ২ ও ৩ অগ্রণী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। সকল মহাব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক লিমিটেড।
- ৪। উপ-মহাব্যবস্থাপক ও কোম্পানী সচিব, কোম্পানী এ্যাফেয়ার্স এন্ড বোর্ড ডিভিশন, অগ্রণী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৫। সকল বিভাগীয় প্রধান, অগ্রণী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৬। উপ-মহাব্যবস্থাপক ও পরিচালক, অগ্রণী ব্যাংক ট্রেনিং ইনস্টিটিউট, ১৮৩ সাত মসজিদ রোড, ধানমন্ডি, ঢাকা।
- ৭। উপ-মহাব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক লিমিটেড, সকল সার্কেল, বাংলাদেশ।
- ৮। সকল অঞ্চল প্রধান, অগ্রণী ব্যাংক লিমিটেড, আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ।
- ৯। উপ-মহাব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক লিমিটেড, আইটি এন্ড এমআইএস ডিভিশন, প্রধান কার্যালয়, ঢাকা, সকল শাখায় প্রেরণের জন্য।